

শিক্ষক সমিতি ফেডারেশনের
প্রতীক কর্মবিরতি
পালন

এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো
হয় নতুন জাতীয় বেতন স্কেলে
বেসরকারী শিক্ষক-কর্মচারীদের
অন্তর্ভুক্তি, তাহাদের অর্ধে গঠিত
ট্রাষ্ট ফাণ্ডের কার্যক্রম পুনরায় চালু,
(১০ম পৃ: ৩-এর ক: স্র:)

শিক্ষক সমিতি ফেডারেশন
(শেষ পৃ: পর)

৮, ১২ ও ১৫ বছর অভিজ্ঞতাসম্পন্ন
শিক্ষকদের উচ্চতর বেতন স্কেলে
উন্নীতকরণ এবং সরকারী শিক্ষক-
দের পদোন্নতি ও শূন্যপদ পূরণসহ
১৫ দফা দাবী আদায়ের লক্ষ্যে
চলমান আন্দোলনের অংশ হিসাবে
বাংলাদেশ শিক্ষক ফেডারেশনের
আহ্বানে গতকাল সারা দেশে
সরকারী-বেসরকারী স্কুল, কলেজ
ও মাদ্রাসায় কর্মরত শিক্ষক ও
কর্মচারীবৃন্দ, পূর্ণদিবস প্রতীক
কর্ম বিরতি পালন করেন।

গোপালপুর সংবাদদাতার টেলি-
ফোন : বেসরকারী স্কুল-কলেজ
ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের
নতুন পে-স্কেলের দাবীতে গতকাল
(সোমবার) টাঙ্গাইলের সকল বে-
সরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসার
শিক্ষক-কর্মচারীদের পূর্ণদিবস কর্ম-
বিরতি পালিত হয়। দেশব্যাপী
এই কর্মবিরতির আহ্বান জানান
হইয়াছিল।